# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd. email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউমাশিবো/দিনাজ/বিদ্যালয়/স্বীকৃতি/২০২৩/২০৬ (১৩) তারিখ: ২১/০৫/২০২৩

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১. অত্র শিক্ষা বোর্ডের ১৩/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ২য় সভার সুপারিশ।
২. অত্র শিক্ষা বোর্ডের ১৩/০৫/২০২৩ তারিখে মঞ্জুরী কমিটির ২য় সভার সুপারিশ এর ভিত্তিতে ১৪/০৫/২০২৩ তারিখের ৪২ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে তালুকবদী উচ্চ বিদ্যালয়ে ০১/০১/২০২৩ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচী ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত বিষয় সমূহ পাঠদান করতে হবে এবং স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে শিক্ষাবোর্ডে ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহ:**

১। নিয়োগকৃত শিক্ষক কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমানে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংযোগ থাকবে না।
৪। ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখে প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্তরের জন্য ৩০০০০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে। ১. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি ২. জেলা শিক্ষা অফিসার প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা জরুরী প্রয়োজনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৫। প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৬। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
৭। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না।
৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৯। বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরী করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
১০। বিদ্যালয় পাঠাগারে মুক্তিযুদ্ধ বিষয়ক ২০,০০০ (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠ্যাভাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
১১। অবশিষ্ট জমি বিদ্যালয়ের নামে দাখিল করতে হবে।
১২। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমোদন বাতিল করতে পারে।
১৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৪। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর নাম, NID ও মোবাইল নম্বর, শিক্ষার্থী, পরীক্ষার্থী, জমি, ভবন ইত্যাদি সবসময় হালনাগাদ করে রাখতে হবে।
১৫। প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব থাকতে হবে।
১৬। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভবনে র‍্যাম্প সুবিধা থাকতে হবে।
১৭। প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য খেলাধুলার মাঠ থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/০৫/২০২৩
(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

প্রাপক
প্রধান শিক্ষক
তালুকবদী উচ্চ বিদ্যালয় (EIIN-124935)
ডাকঘর: কৈমারী, উপজেলা: জলঢাকা,
জেলা: নীলফামারী।

স্মারক নং-

তারিখ: ........................

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ঢাকা-১২০৫।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। জেলা প্রশাসক, নীলফামারী।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৭। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
৮। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১০। সভাপতি, পরিচালনা কমিটি, তালুকবদী উচ্চ বিদ্যালয়, জলঢাকা, নীলফামারী।
১১। পি এস টু, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২। আই.সি.টি ইউনিট (ওয়েবসাইডে প্রকাশের অনুরোধ সহ)।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।